



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

প্রেস রিলিজ

মোঃ মাকরুজ্জামান
জনসংযোগ কর্মকর্তা
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ।
মোবাঃ ০১৭৪০-৬২৫৭৪০
ই-মেইল: prompa6@gmail.com
ওয়েব: www.mpa.gov.bd

মোংলা বন্দর উপদেষ্টা কমিটির ১৪তম সভা অনুষ্ঠিত

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী শাজাহান খান, এম.পি এর সভাপতিত্বে ৫ আগস্ট ১১:৩০ মিনিটে মোংলা বন্দর কর্তৃপক্ষের সভাকক্ষে মোংলা বন্দর উপদেষ্টা কমিটির ১৪তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক, মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৩, আলহাজ্ব ডাঃ মোজাম্মেল হোসেন, মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৪ এ্যাডভোকেট মীর শওকত আলী বাদশা, মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-২, জনাব শেখ হারুন অর রশিদ, সাবেক হুইপ ও সভাপতি জেলা আওয়ামী লীগ, খুলনা, অশোক মাধব রায়, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, কমডোর এ কে এম ফারুক হাসান, চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ ও সদস্য সচিব- মোংলা বন্দর উপদেষ্টা কমিটি, মোহাম্মদ গোলাম মোস্তফা (যুগ্ম সচিব), সদস্য (অর্থ), প্রকৌশলী আলতাফ হোসেন খান, সদস্য (প্রঃ ও উঃ), ওহিউদ্দিন চৌধুরী, সচিব, মোংলা বন্দর কর্তৃপক্ষ, উপদেষ্টা কমিটির সদস্যগণ, কর্তৃপক্ষের বিভাগীয় প্রধানগণ।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান, এম.পি বলেন “মোংলা বন্দর কে অর্থনৈতিকভাবে সচল করতে হলে মোংলা বন্দর কর্তৃপক্ষ, কাষ্টমস, বন্দর ব্যবহারকারী আলোচনা করে ব্যবসা বান্ধব পরিবেশ তৈরী করতে হবে একই সাথে খুলনা থেকে কাষ্টমস অফিস কে অতিসড়র মোংলায় স্থানান্তর করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন”।

এছাড়াও একই দিন সকাল ১০:৩০ মিনিটে নৌপরিবহন মন্ত্রী মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী সংঘ(রেজি: নং- ১৯৫৭), সিবিএ'র নব নির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে যোগদান এবং দুপুর ১.৪৫ মিনিটে মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনালের শুভ উদ্বোধন করেন।